



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত



সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে ১ অক্টোবর ২০২৩-রবিবার সিএসই বিভাগের ভার্চুয়াল শ্রেণিকক্ষে সেমিনার অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ে এধরনের সভা সেমিনার আয়োজনের মাধ্যমে সমাজে রাষ্ট্রীয়ভাবে বিভিন্ন বার্তার মাধ্যমে পদক্ষেপ নেওয়া যায় অবহিত করে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বলেন, “পারিবারিকভাবে সঠিক শিক্ষাদানের মাধ্যমে বয়োবৃদ্ধদের প্রতি শ্রদ্ধাবোধ বৃদ্ধি করা যায়। আর প্রবীণদের প্রতি আমাদের নৈতিক বাধ্যবাধকতা থাকা প্রয়োজন।”

তিনি আরো বলেন, “বর্তমান সরকার সর্বপ্রথম আমাদের দেশে বয়স্ক ভাতা চালু করেন, যার ফলে তাদের জীবন যাত্রার মান আরো সহনীয় হয়ে উঠে।”

সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রাজিনা সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুরের উপাচার্য অধ্যাপক ড. কাজী সাঈফুদ্দীন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



সেমিনারের প্রথম সেশনে স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগীয় অধ্যাপক ড. মোস্তফা হাসান এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন “পরিবর্তিত পরিস্থিতিতে বাংলাদেশে প্রবীণ সুরক্ষা: বর্তমান অবস্থা এবং ভবিষ্যৎ করণীয়” শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন।

অনুষ্ঠানের দ্বিতীয় সেশনে ‘মনের মানুষ’ দলের অংশগ্রহণে লোক গান অনুষ্ঠিত হয়।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী উপস্থিত ছিলেন।